12601 - যে ব্যক্তি জুমার নামাযের শেষ বৈঠক পাবে, তার করণীয় কী?

প্রশ্ন

কোনো মুসলিম যদি জুমার নামাযের শুধু শেষ বৈঠক পায়, সে কী করবে? যদি মুসলিমকে নামাযে আসতে বাধা দেয়া হয় কিংবা কিংবা তার ইচ্ছার বাহিরে কোন কারণে দেরী হয়ে যায়; যেমন: সে যে বাসে চড়েছিল সেটা অচল হয়ে গেল, এতে কি তার পাপ হবে? সে যে সমস্ত নেকী বা দোয়া কবুলের মুহূর্তগুলো বা অনুরূপ কিছু পাওয়ার সম্ভাবনা ছিল, সেগুলো কি পাবে না?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ইমামের সাথে এক রাকাত পেলেই জুমার নামায পাওয়া হয়। এক রাকাত পেতে হলে ইমামের সাথে রুকু পেতে হবে। তাই কেউ যদি দ্বিতীয় রাকাতে ইমাম রুকু থেকে উঠার আগে নামাযে যোগ দিতে পারে, তাহলে তার নামায পাওয়া হল। এমতাবস্থায় ইমাম সালাম ফেরানোর পর সে তার নামায পরিপূর্ণ করবে। অর্থাৎ সে দাঁড়িয়ে যাবে এবং যে রাকাতটি বাকি আছে সেটি পড়ে নিবে।

আর যদি ইমাম দ্বিতীয় রাকাতে রুকু থেকে উঠার পর কেউ নামাযে যোগ দেয়, তাহলে তার জুমার নামায ছুটে গেল; সে জুমার নামায পেল না। সেক্ষেত্রে ঐ নামাযটিকে যোহরের নামায হিসেবে পড়তে হবে। অর্থাৎ ইমাম সালাম ফেরানোর পর দাঁড়িয়ে যাবে এবং তার নামাযটিকে যোহরের নামায হিসেবে চার রাকাতে পরিপূর্ণ করবে; জুমার নামায হিসেবে নয়। এটা অধিকাংশ আলেম তথা মালেক, শাফেয়ী ও আহমদ রাহিমাহুমুল্লাহুর মাযহাব। দেখুন: নববীর ‘আল-মাজমূ’ (৪/৫৫৮)। তারা এর পক্ষে তারা বেশ কিছু দলীল পেশ করেছেন; যথা:

১- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী, ‘যে ব্যক্তি নামাযের এক রাকাত পেল, সে নামায পেল।’[বুখারী (৫৮০) ও মুসলিম (৬০৭)]।

২- নাসাঈ বর্ণনা করেন: আব্দুল্লাহ ইবনে উমর রাদিয়াল্লাহু আনহুমা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: ‘কেউ যদি জুমা বা অন্য কোনো নামাযের এক রাকাত পায়, সে যেন এর সাথে আরেক রাকাত যোগ করে নেয়। এভাবে তার নামায পূর্ণ হয়ে যাবে।’[আলবানী হাদীসটিকে তার ‘ইরওয়া’ বইয়ে (৬২২) সহীহ বলেছেন]

নিজ ইচ্ছার বাহিরের কোন ওজরের কারণে একজন মানুষ যদি নামায না পায়; যেমনটি প্রশ্নকারী প্রশ্নে বাস নষ্ট হয়ে যাওয়ার কথা উল্লেখ করেছেন কিংবা অনুরূপ কোনো ওজর; যেমন- ঘুম বা ভুলে যাওয়া; তাহলে তার কোনো পাপ হবে না। কারণ

আল্লাহ তায়ালা বলনে: “তোমরা কোনো ভুল করে ফলেলে তোমাদরে কোনো পাপ নইে। কন্িতু তোমাদরে অন্তরে দৃঢ় সংকল্প থাকলে (পাপ হবে) ।”[আহযাব: ৫] এমন ব্যক্তি ইচ্ছা করে নামায ছাড়নে।

আরো কারণ হলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামরে বাণী: “আল্লাহ আমার উম্মতরে ভুল, বস্মিৃতি এবং বলপূর্বক যা করয়িে নওেয়া হয়; তা ক্ষমা করে দয়িছেনে।’[ইবনে মাজাহ হাদীসটি বর্ণনা করছেনে এবং শাইখ আলবানী তার ‘ইরওয়া’ বইয়ে (৮২) হাদীসটি সহীহ বলছেনে।]

এই ক্ষত্রেে যদি নামায পড়ার ব্যাপারে তার দৃঢ় সংকল্প থকেে থাকে; যদি না তার ওজরটি ঘটত; তাহলে সে পূর্ণ নকেী পাবে। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলনে: “সকল আমল নয়িত দ্বারা মূল্যায়তি হয়। প্রত্যকে ব্যক্তি যা নয়িত করে সটোই তার পাপ্য।’[বুখারী (১) ও মুসলমি (১৯০৭)]

আরো কারণ হলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাবুক যুদ্ধ থকেে ফরোর সময় সাহাবীদরেকে লক্ষ্য করে বলনে, “মদীনায় এমন কছিু মানুষ আছে; যারা তোমরা যে পথ চলছে ও যে উপতক্যা অতক্রিম করছে এর নকেীতে তোমাদরে সাথে অংশীদার। অসুস্থতা তাদরেকে (মদীনায়) আটকে রখেছে।”[মুসলমি (১৯১১)]

আল্লাহ সর্বজ্ঞ।